



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।
www.iresppw-brdb.gov.bd

স্মারক নং - ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৭৭৬.১৪- ৩০৬৭


তারিখঃ ২৫/৮/২০১৫ খ্রিস্টাব্দ।

অফিস আদেশ

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্পটি (সংশোধিত) বরিশাল ও খুলনা বিভাগের ৫৯ টি উপজেলায় বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পের স্বার্থে মাঠ পর্যায়ে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের অনেক সময় এক কর্মস্থল থেকে অন্য কর্মস্থলে বদলি করার প্রয়োজন হয়ে থাকে। বদলির স্বাভাবিক প্রক্রিয়া অনুযায়ী উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা তার অধীন বদলিকৃত কর্মকর্তা-কর্মচারীদের প্রাথমিক ছাড়পত্র প্রদানের পর বিআরডিবি'র উপপরিচালক চূড়ান্ত ছাড়পত্র প্রদান করে থাকেন। এই প্রক্রিয়ায় ছাড়পত্র প্রদান করায় বদলিকৃত কর্মচারীর বদলিকৃত কর্মস্থলে যোগদান বিলম্বিত হওয়ায় প্রকল্পের কার্যক্রম বাধাগ্রস্ত হয়ে থাকে।

০২। এমতাবস্থায়, প্রকল্পে কর্মরত হিসাব সহকারী, মাঠ সংগঠক ও অফিস সহায়কদের বদলিকৃত কর্মস্থলে যোগদানের নিমিত্ত ছাড়পত্র প্রদানের ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা'র ছাড়পত্রই চূড়ান্ত ছাড়পত্র হিসেবে গণ্য হবে। সেক্ষেত্রে ছাড়পত্রের অনুলিপি সংশ্লিষ্ট জেলার উপপরিচালক বরাবর প্রেরণ নিশ্চিত করতে হবে। শুধুমাত্র প্রকল্পের সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা'র বদলির ক্ষেত্রে উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা'র প্রাথমিক ছাড়পত্রে সংশ্লিষ্ট উপপরিচালক চূড়ান্ত ছাড়পত্র প্রদান করবেন।

০৩। প্রকল্পের স্বার্থে এ আদেশ জারী করা হলো। ইহা অবিলম্বে কার্যকর হবে।


(প্রকৌশলী মোঃ রাশেদুল আলম)
প্রকল্প পরিচালক (IRESPPW)
বিআরডিবি, ঢাকা।
ফোন নং-০২-৮১৮০১৪৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ-----, জেলাঃ-----।
২. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা।
৩. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, উপজেলাঃ-----, জেলাঃ-----।
৪. উপপরিচালক, বিআরডিবি, জেলা -----।
৫. পরিচালক সরেজমিন মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৬. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৭. সংশ্লিষ্ট/ব্যক্তিগত নথি।